তারিখ : 26 MAY 2015
পৃষ্ঠা : ৬ কলাম : ৬

কালের কণ্ঠ

# ২০১৬ সালে জাতীয় বিশ্ববিদ্যালয়ের প্রথম সমাবর্তন

## অনার্স ভর্তি ও ক্লাসের তারিখ নির্ধারণ

নিজস্ব প্রতিবেদক ▷

১৯৯২ সালে জাতীয় বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠার পর থেকে লাখ লাখ শিক্ষার্থী স্নাতক ও স্নাতকোত্তর সম্পন্ন করলেও তাদের কোনো সমাবর্তন হয়নি। সমাবর্তনের দাবিতে দীর্ঘদিন ধরে শিক্ষার্থীরা আন্দোলন করে আসছিল। অবশেষে সেই সমাবর্তন অনুষ্ঠানের ঘোষণা হয়। ২০১৬ সালের নভেম্বর-ডিসেম্বরে অনুষ্ঠিত হবে জাতীয় বিশ্ববিদ্যালয়ের প্রথম সমাবর্তন। গতকাল সোমবার একাডেমিক কাউন্সিলের ৮২তম সভায় এ সিদ্ধান্ত নেওয়া হয়।

একাডেমিক সভায় আরো বেশ কিছু নতুন সিদ্ধান্ত নেওয়া হয়। এর মধ্যে শিক্ষাপঞ্জি অনুসারে চলমান এইচএসসি পরীক্ষার্থীদের ফলাফল আগামী আগস্ট মাসে দেওয়া হবে। আর জাতীয় বিশ্ববিদ্যালয় ২০১৫-১৬ শিক্ষাবর্ষের অনার্স ভর্তি পরীক্ষার কার্যক্রম চলতি বছরের ১ অক্টোবর থেকে শুরু হবে। ক্লাস শুরু হবে ১ ডিসেম্বর থেকে। এ ছাড়াও গাজীপুরে বিশ্ববিদ্যালয়ের মূল ক্যাম্পাসে দেড় বছরমেয়াদি 'মাস্টার অব অ্যাডভান্সড স্টাডিজ ইন লাইব্রেরি অ্যান্ড ইনফরমেশন সায়েন্স' বিষয়ে স্পেশাল মাস্টার্স ডিগ্রি প্রোগ্রাম চালুর সিদ্ধান্ত নেওয়া হয়েছে।

বিশ্ববিদ্যালয় উপাচার্য ড. হারুন-অর-রশিদ সভায় সভাপতিত্ব করেন।